16 MAY 2017

### শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি

# বাজেটে পৃথক বরাদ্দ দাবি

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি, বৈশাখী ভাতাসহ নানা দাবি পূরণে আগামী বাজেটে পৃথক বরাদ্দ রাখার দাবি জানিয়েছেন শিক্ষকরা। স্বাধীনতা শিক্ষক পরিষদের (স্বাশিপ) উদ্যোগে গতকাল সোমবার সকালে জাতীয় প্রেস ক্লাব মিলনায়তনে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে বেসরকারি শিক্ষকদের বৈশাখী ভাতা, ৫ শতাংশ বার্ষিক প্রবৃদ্ধি, পূর্ণাঙ্গ উৎসব ভাতা, আইসিটি শিক্ষকসহ এমপিওবহির্ভূত প্রতিষ্ঠানগুলোর এমপিও প্রদান এবং শিক্ষাব্যবস্থা জাতীয়করণের দাবি করা হয়।

লিখিত বক্তব্যে সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মো. শাহজাহান আলম সাজু বলেন, 'বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২০২১ এবং ২০৪১ বাস্তবায়ন করতে হলে শিক্ষাব্যবস্থার উন্নয়নের বিকল্প নাই। তাই আমাদের দাবিসমূহ বাস্তবায়নে আগামী বাজেটে পৃথক বরাদ্দ রাখতে হবে।' দাবিগুলো পূরণের লক্ষ্যে আগামী ২২ মে সারা দেশের জেলা সদরে মানববন্ধন কর্মসূচি ঘোষণা করা হয়।

আরো বক্তব্য দেন স্বাশিপ সভাপতি প্রফেসর ড. আব্দুল মান্নান চৌধুরী, প্রফেসর সাজিদুল ইসলাম, সাইদুর রহমান পান্না, হরিচাঁদ মণ্ডল সুমন, অধ্যক্ষ মোকছেদুর রহমান প্রমুখ।

এদিকে এমপিওবহির্ভূত নিম্ন মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করতে গেলে সেখানে বসতে দেয়নি পুলিশ। বাংলাদেশ নন-এমপিও নিম্ন মাধ্যমিক শিক্ষক-কর্মচারী ফোরাম গত শনিবার থেকে অবস্থান কর্মসূচি পালন করে আসছিল।

ফোরামের সভাপতি আনোয়ার হোসেন গতকাল বলেন, 'সচিবালয়ে মন্ত্রিসভার বৈঠকের কারণে এ এলাকায় কোনো ধরনের সমাবেশ বা অবস্থানের অনুমতি নেই বলে পুলিশ আমাদের জানিয়েছে। তবে কাল (আজ মঙ্গলবার) আমাদের অবস্থানের কর্মসূচি চলবে। পাশাপাশি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় অভিমুখে পদযাত্রা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ও সচিব বরাবর স্মারকলিপি দেওয়া হবে।'

কার্যার্থে/জ্ঞাতার্থে